



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ জানুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস। দিবসটি উপলক্ষে ১০ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের ছয় দফা বেদিতে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এছাড়াও দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় কীর্তনখোলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় এক আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য অধ্যাপক ড. মোঃ আবু তাহের। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন পৃথিবীর ইতিহাসে বিকল্পহীন এক অবিসংবাদিত নেতা এবং রাজনীতির ইতিহাসের বরপুত্র। যাঁকে কেন্দ্র করে আবর্তিত হয় বাঙালির হাজার বছরের ইতিহাসের এক ঐতিহাসিক জাগরণ অধ্যায়। স্বাধীন সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার জটিল পথ পরিক্রমায় বাঙালি জাতিসত্তার বিকাশে সাহসী নেতৃত্বের কারণে বঙ্গবন্ধু হয়ে ওঠেন বাঙালি জাতির মহান স্থপতি। বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসন আয়োজিত এ আলোচনা সভায় সভাপতিত্বে করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভাপতির বক্তব্যে তিনি বলেন, ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হলেও আমরা প্রকৃত স্বাধীনতার স্বাদ পাই ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশের মাটিতে ফিরে আসার মধ্য দিয়ে। তিনি আরও বলেন, স্বাধীনতার এ মহানায়ক সোনার বাংলা প্রতিষ্ঠার যে স্বপ্ন দেখেছেন তা বাস্তবায়নে সকল অপশক্তির বিরুদ্ধে আমাদের স্বেচ্ছার হতে হবে এবং মহান মুক্তিযুদ্ধের চেতনার আলোকে দেশকে পরিচালিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলামের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম এবং বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপ। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রক্টর, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধান, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়